**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(৩৯)শুল্ক-৪/৮৭(অংশ-২)/১০৫৭-১০৭৫ তারিখ ১৫.০৮.১৯৯৫

প্রেরক: সুলতান মোহাম্মদ ইকবাল
দ্বিতীয় সচিব (শুল্ক)।

প্রাপক: ১। কমিশনার
কাস্টম হাউস
ঢাকা/চট্টগ্রাম/মংলা।

২। কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারের কার্যালয়
ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/যশোর/রাজশাহী/খুলনা।

৩। মহাপরিচালক
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো)
১২২-২৪, মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয়: **১০০% রপ্তানিমুখী কম্পোজিট টেক্সটাইল মিলসসমূহে ব্যবহৃত রং ও রাসায়নিক দ্রব্যাদির ক্ষেত্রে সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউস সুবিধা প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১০০% রপ্তানিমুখী কম্পোজিট টেক্সটাইল মিলস (যেখানে তুলা থেকে সুতা, সুতা থেকে গ্রে কাপড় এবং গ্রেকাপড় থেকে রঙিন ও ছাপানো কাপড় ও পোশাক তৈরীর প্রক্রিয়াগুলির সকল প্রক্রিয়া বা একাধিক প্রক্রিয়া সম্পন্ন হয়) সমূহের জন্য রং ও রাসায়নিক দ্রব্যাদি বন্ডের মাধ্যমে শুল্ক কর মুক্তভাবে আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড এ ধরনের প্রতিষ্ঠানকে সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউস সুবিধা প্রদানে নীতিগতভাবে সম্মত হয়েছে। তবে যে, সকল ১০০% রপ্তানিমুখী কম্পোজিট টেক্সটাইল মিলস স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতিতে পরিচালিত হচ্ছে, সেগুলোর ক্ষেত্রে শুল্ক কর মুক্তভাবে রং ও রাসায়নিক দ্রব্যাদি আমদানির উপরোক্ত সুবিধা প্রযোজ্য হবে না। উক্ত সুবিধা পেতে হলে যে সকল প্রতিষ্ঠান স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস সুবিধা ভোগ করেছে তারা উক্ত সুবিধা গ্রহণে ইচ্ছুক হলে সে মর্মে স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স এর পরিবর্তে সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স মঞ্জুরের আবেদন সংশ্লিষ্ট কমিশনার বরাবরে জানাতে হবে এবং কমিশনার উক্ত দরখাস্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডের অনুমতি নিবেন।

০২। ১০০% রপ্তানিমুখী কম্পোজিট টেক্সটাইল মিলসসমূহের অনুকূলে সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদানের জন্য নিম্নলিখিত শর্তাদি সম্বলিত দিক নির্দেশনা আদেশক্রমে প্রদান করা হলো:

(ক) কমিশনারগণ উপর্যুক্ত ক্ষেত্রে ও যথাযথ শর্তাদি পালন সাপেক্ষে সুপারভাজইড বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করতে পারবেন। এই সব বন্ডে উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য শুল্ক আইন, ১৯৬৯ এর ৯৫ ধারা মোতাবেক কমিশনার অনুমতি প্রদান করবেন;

(খ) লাইসেন্স প্রদানের পূর্বে সমগ্র এলাকা পরিদর্শন এবং তা লাইসেন্স এর অধীন নিয়ন্ত্রণের উপযোগী করণপূর্বক লাইসেন্স প্রদান করতে হবে। সমগ্র কারখানাটি উচ্চ প্রাচীর দ্বারা বেস্টিত হতে হবে, মালামাল ও লোকজন প্রবেশ এবং নিয়ন্ত্রয়েনর জন্য কারখানায় সীমিত সংখ্যক (২/৩টি) গেট থাকবে। উক্ত গেটে কাস্টমস সিপাই প্রহারারত থাকবে। সমগ্র এলাকা বন্ডেড এই কারখানাসমূহে আমদানিকৃত সুতা রং ও রাসায়নিক দ্রব্যসহ সকল পণ্যের পরিমাণ ও বিবরণ রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করার পর কারখানার ভিতর প্রবেশের অনুমতি দেয়া যাবে।

(গ) বন্ড লাইসেন্স প্রদান করার পূর্বে উক্ত কারখানায় যদি আমদানিকৃত এবং শুল্ক পরিশোধকৃত কাঁচামাল থেকে থাকে তবে তার পরিমাণ, মূল্য, প্রদত্ত শুল্ক, উহার দ্বারা কি পণ্য কি পরিমাণে প্রস্তুত হবে, উৎপাদ উপকরণ সহগ একটি কমিটির মাধ্যমে নির্ণয় করতে হবে। এই কমিটিতে ডেডো অফিস এর উপযুক্ত পদমার্যাদা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা এবং লাইসেন্স প্রদানকারী কমিশনারের কর্মকর্তা অন্তর্ভুক্ত থাকবেন। কর্মকর্তাগণের মনোনয়ন দান করবেন যথাক্রমে মহাপরিচালক, ডেডো এবং সংশ্লিষ্ট কমিশনার। উক্ত কমিটি আমদানিকৃত কাঁচামালের উপর পরিশোধিত শুল্ক করাদির পরিমাণ নির্ণয় করবেন। প্রয়োজনীয় রপ্তানি শেষে উক্ত পরিমাণ শুল্ক-কর ডেডো অফিস থেকে রপ্তানিকারক/বন্ডারকে প্রত্যর্পণ করা হবে। নির্ণীত সমগ্র শুল্ক কর, প্রত্যর্পণ করার পর এই শিল্প প্রতিষ্ঠানটি ডেডো থেকে আর কোন প্রত্যর্পণ পাবে না।

(ঘ) ১০০% রপ্তানিমুখী কম্পোজিট বস্ত্র কারখানার (যেখানে তুলা থেকে সুতা, সুতা থেকে গ্রে কাপড় এবং গ্রেকাপড় থেকে রঙিন ও ছাপানো কাপড় ও পোশাক তৈরীর প্রক্রিয়াগুলির সকল প্রক্রিয়া বা একাধিক প্রক্রিয়া সম্পন্ন হয়) এর জন্য আমদানিতব্য তুলা, পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার, সুতা, ডাইস, পিগমেন্টস, সাইজিং ম্যাটেরিয়ালস ও বিভিন্নপ্রকার রং রাসায়নিক দ্রব্য ইত্যাদি সুপারভাইজড পদ্ধতির বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স সুবিধার আওতায় আমদানি করতঃ বন্ডিং সময়সীমা পর্যন্ত বন্ডে সংরক্ষণ করা যাবে।

(ঙ) বন্ড লাইসেন্স এর জন্য আবেদনের সময় লাইসেন্স প্রার্থী এই মর্মে একটি অংগীকার পত্র দাখিল করবে যে, বন্ড লাইসেন্স পাওয়ার পর বন্ডার কর্তৃক আমদানিকৃত এবং বন্ডেড ওয়্যার হাউস এ মজুদকৃত কাঁচামাল দ্বারা তৈরী সামগ্রী রপ্তানি করার পর শুল্ক করাদির প্রত্যর্পণের জন্য তিনি কোন দাবী উথাপন করবেন না। অধিক্ষেত্রের কমিশনার উক্তরূপ অংগীকারনামা গ্রহণ করার পর উহার অনুলিপি মহা-পরিচালক ডেডো এবং আমদানি পর্যায়ের কমিশনারগণের নিকট প্রেরণ করবেন এবং নিশ্চিত করবেন যে, "গ" অনুচ্ছেদ-এ উল্লিখিত ড্র-ব্যাক ব্যতীত বন্ডার/রপ্তানিকারক আর কোন ডিউটি ড্র ব্যাক না পান।

(চ) এ ধরণের প্রতিটি সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউসের জন্য অথবা একই এলাকায় অবস্থিত একাধিক এরূপ বন্ডেড ওয়্যারহাউস এর জন্য প্রয়োজনীয় সংখ্যক শুল্ক কর্মকর্তা, কর্মচারী নিয়োগ করতে হবে। এদের অফিস এর স্থান, অফিস এর আসবাবপত্র, স্টেশনারী সরবরাহসহ আনুসঙ্গিক ব্যবস্থাদি এবং তাদের বেতন, ভাতাদি, বাসস্থান ভাতা ইত্যাদির খরচ বাবদ সংশ্লিষ্ট কমিশনার প্রশাসনিক ব্যয় নির্ণয় করে তাদের উপর ধার্য করবেন। এই ব্যয় বাৎসরিক হিসাবে লাইসেন্স প্রদানকালে বা পরবর্তীতে তা নবায়নকালে অগ্রীম প্রদান করতে হবে। এই খাতে ব্যয় বাবদ অর্থ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদান বা নবায়ন করা হবে না।

০৩। লাইসেন্স প্রদানের পর প্রতিটি বন্ডারের জন্য সংশ্লিষ্ট কমিশনার একটি স্থায়ী আদেশ জারী করবেন। স্থায়ী আদেশে উপরোক্ত বিষয়াদিসহ প্রয়োজনীয় পদ্ধতি লিপিবদ্ধ থাকবে।

স্বাক্ষরিত/-
(সুলতান মোহাম্মদ ইকবাল)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)